ঝিনাইদহে যুবককে গলা কেটে হত্যা

ঝিনাইদহ সদর উপজেলার চুটলিয়া গ্রামে সম্রাট হোসেন (২৭) নামে এক যুবকের রক্তাক্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। তিনি চুটলিয়া দক্ষিণ পাড়ার সমীর উদ্দিনের ছেলে।
পুলিশ এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ব্যক্তিদের খুঁজে বের করার জন্য অভিযান শুরু করেছে

স্থানীয় এলাকাবাসী জানিয়েছে, শনিবার (১ মে) রাত ১০টার দিকে চুটলিয়া দক্ষিণ পাড়ার জনৈক মন্টু মেম্বারের বাড়ির পাশে সম্রাটের লাশটি পড়ে ছিল। তার গলায় ও ঘাড়ে ধারালো অস্ত্রের আঘাতের চিহ্ন রয়েছে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানিয়েছেন, এখন ঘটনাস্থলে রয়েছেন। গ্রামবাসী অভিযোগ করেছে একই গ্রামের গোলাপ হোসেনের ছেলে সবুজের সঙ্গে নিহত সম্রাটের বিরোধ ছিল। অপরাধী কে বের করার জন্য অভিযান শুরু করেছে

দর্শনায় মাদক সম্রাট কালাম ৫৪ বোতল ফেনসডিলসহ গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার আকন্দবাড়িয়ার এলকার চিহ্নত মাদক সম্রাট আবুল কালাম কে ৫৪ বোতল ফেনসডিল সহ গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।পুলিশ ও এলাকাবাসি সুত্রে জানা গেছে গতকাল শনিবার রাত ১০ টার দিকে দর্শনা থানার চৌকস অফিসার ইনচার্জ ওসি মাহাবব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই আলমগীর কবির ও এ এস আই মামুন সঙ্গীয় ফোর্স সহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় আকন্দবাড়িয়া মুচি পাড়ার সোহরাবের কাঁঠাল বাগানে।এ সময় পুলিশ চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমমপুর ইউনিয়নের দর্শনা থানার আকন্দবাড়িয়ার মৃত্য

শামসুল হকের ছেলে মাদক সম্রাট আবুল কালাম(৪৫) কে সোহরাব হোসেনের কাঁঠাল বাগানের ভিতর থেকে ভারতীয় প্লাষ্টিকের বস্তা দিয়ে মোড়ানো ৫৪বোতল ভারতীয় ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে।

সে দীর্ঘদিন ধরে পাইকারি ও খুচরা ফেনসডিল বিক্রি করতো বলে এলাকাবাসি জানায়। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে এবং কিছুদিন আগে ৫০০ বোতল ফেনসডিল সহ ধরা পড়েছে বলে জনশ্রুতি রয়েছে।এ ঘটনায় এস আই আলমগীর কবির বাদি হয়ে আবুল কালামের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করে। গতকালই তাকে চুয়াডাঙ্গা কোট হাজতে প্রেরন করেছে।

ঝিনাইদহে আব্দুল হাই এমপি’র ইফতার বিতরণ

ঝিনাইদহে আব্দুল হাই এমপি এর সৌজন্যে গরিব-দুঃখীর মাঝে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ সজীব হোসেন ইফতার বিতরণ করেন।
দেশে চলছে করোনা কালিন লকডাউন, তার মধ্যে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোড,পৌরসভা, ঝিনাইদহ সদর থানা, পায়রা চত্তর, সহ বিভিন্ন এলাকা ঘুরে অসহায়, দিনমজুর, কর্মহীন মানুষের মাঝে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সজীব হোসেন ইফতার বিতরন ও করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনা করেন।
এছাড়াও তার এই মানবিকতা দেখে খুশি হন গরীব, অসহায়, দিনমজুর ও কর্মহীন রোজাদার ব্যক্তিরা, তার জন্যে সাফল্য কামনা করেন।

শৈলকুপায় তিন শতাধিক মোটর

শ্রমিকদের মাঝে প্রণোদনার সামগ্রী বিতরণ

ঝিনাইদহের শৈলকুপায় তিনশতাধিক মোটর শ্রমিকের মাঝে সরকারি প্রণোদনার সামগ্রী বিতরণ করেন শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা, এসময় শ্রমিকদেরকে ১০কেজি চাউল ও ২০০টাকার নগদ সহায়তা প্রদান করা হয়। শ্রমিকরা সরকারি সহায়তা পেয়ে খুশি বলে তারা জানান। শনিবার বেলা একটার দিকে উপজেলা চত্বরে এ প্রণোদনার সামগ্রী বিতরণ করা হয় ।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতিমা লিজা,উপজেলা চেয়ারম্যান শেফালী বেগম, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু ও সহকারী কমিশনার (ভূমি) পার্থপ্রতিম শীল।

ঝিনাইদহ জেলা ছাত্রলীগের

সাংগঠনিক সম্পাদকের ইফতার

বিতরণ অব্যাহত

ঝিনাইদহ জেলা ছাত্রলীগ রমজানের ১৭তম দিন বাংলাদেশ ছাত্রলীগের সংগ্রামী সভাপতি প্রিয় আল নাহিয়ান খান জয়ের পক্ষ থেকে ঝিনাইদহ শহরে প্রতিদিনের ন্যায় জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ সুরুজ আলী’র ইফতার বিতরণ করেন, গরীব অসহায় রোজাদার মানুষের মাঝে।

দেশে চলছে করোনা কালীন লকডাউন, তার মধ্যে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোড, পৌরসভা, ঝিনাইদহ সদর থানা, পায়রা চত্তরসহ বিভিন্ন এলাকা ঘুরে অসহায়, দিনমজুর, কর্মহীন মানুষের মাঝে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সুরুজ আলী বিশ্বাস ইফতার বিতরণ ও করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনা করেন।

এছাড়াও তার এই মানবিকতা দেখে খুশি হন গরীব, অসহায়, দিনমজুর ও কর্মহীন রোজাদার ব্যক্তিরা, তার জন্যে সাফল্য কামনা করেন।

ঝিনাইদহে পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রতিনিয়ত চলছে বাজার মনিটরিং

ঝিনাইদহ জেলা প্রশাসকের দিক-নির্দেশনায় বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালকের অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা কার্যালয় হতে ঝিনাইদহ শহরের বিভিন্ন স্থানে বাজার মনিটরিংয়ের কাজ করা হচ্ছে প্রতিনিয়ত।

গত কয়েকদিন তরমুজ নিয়ে সিন্ডিকেট গড়ে তোলার বিষয়টি আমলে নিয়ে চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ডে তরমুজের আড়তে গিয়ে ক্রয়মূল্য ও পাইকারি মূল্য যাচাই করা হয়।

পরবর্তীতে শহরের বিভিন্ন স্থানে তরমুজের খুচরামূল্য যাচাই করা হয়। গত ক’দিনের চেয়ে এখন কিছুটা কমমূল্যে তরমুজ বিক্রয় হচ্ছে। পাশাপাশি এক লিটারের সয়াবিন তেলের বোতল সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা বেশি মূল্যে বিক্রী করার অপরাধে বিভিন্ন প্রতিষ্ঠানের বিরুদ্ধে ইতিমধ্যে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে। শহরে টিসিবির বিক্রয় কার্যক্রম যথাযথ নিয়মে হচ্ছে কি না তদারকি করা হচ্ছে।

কোভিড-১৯ সংক্রমণ থেকে রক্ষা পেতে করণীয় ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরকার নির্ধারিত মূল্য সম্পর্কে প্রচার করা হচ্ছে।

জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান এর নির্দেশনায় পরিচালিত বাজার মনিটরিং এ সার্বিক নিরাপত্তার দায়িত্ব পালন করেছেন ঝিনাইদহ জেলা পুলিশের টিম।
জনস্বার্থে এ কার্যক্রম চলমান থাকবে বলে জানা গেছে।

ঝিনাইদহে সন্তান ও গৃহবধুকে নির্যাতন

ঝিনাইদহ শহরের ভূটিয়ারগাতি বিশ্বাসপাড়ায় জমি নিয়ে বিরোধের জের ধরে ২ কন্যা সন্তানসহ গৃহবধুকে বেধড়ক মারপিট ও গায়ে দাহ্য পদার্থ ছোড়ার অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার রাত ১২ টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলো- ভূটিয়ারগাতি বিশ্বাসপাড়ার আক্তারুজ্জামান মধুর স্ত্রী আমবিয়া খাতুন (৪৫) ও তার ২ মেয় শাম্মী আক্তার (১২), শাহান খাতুন (৯)।

আহত আমবিয়া খাতুন অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে তার দেবর আমিরুল ইসলাম বদুর সাথে তার স্বামীর জমি নিয়ে বিরোধ চলে আসছিল। আমিরুল ইসলাম বদু তার ও তার স্বামীর নামের বাড়ি ও মাঠের জমি জোরপুর্বক দখল করে রেখেছে।

সেখানে ফসল ফলাতে গেলে বদু তার স্বামী ও তাকে বিভিন্ন সময় হত্যার হুমকি দিয়ে আসছিল। এরই জের ধরে বৃহস্পতিবার রাত ১২ টার দিকে আমিরুল ইসলাম বদু, তার ছেলে বিপ্লব ও শুভ বাড়িতে হামলা চালায়। আক্তারুজ্জামান মধু বাড়িতে না থাকায় আমবিয়া খাতুন ও তার দুই মেয়ে শাম্মী, শাহানাকে বেধড়ক মারধর করে।

এবং দাহ্যজাতীয় পদার্থ গায়ে ছুড়ে দেয় বলে আমবিয়া খাতুন অভিযোগ করেন। এসময় তার বাড়ির আলমারী ভেঙ্গে নগদ টাকা লুটেরও অভিযোগ করেন তিনি। পরে রাতে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান বলেন, দুই ভাইয়ের মধ্যে জমি নিয়ে দীর্ঘদিন বিরোধ ছিল। রাতে একটি ঘটনা ঘটেছে। অভিযোগ পেলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

হরিণাকুণ্ডুতে কর্মহীন মানুষের মাঝে এমপি’র খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় করোনা মহামারিতে লকডাউনে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের মানুষের মাঝে ব্যক্তিগত উদ্যোগে ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহ্জীব আলম সিদ্দিকী সমি খাদ্য ও ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছেন।

গতকাল বৃহস্পতিবার সকালে হরিণাকুণ্ডু উপজেলা ক্রীড়া সংস্থার মাঠে এমপি’র ব্যক্তিগত তহবিল থেকে দেওয়া পাঁচশতাধিক পরিবারকে এই খাদ্য সহায়তা প্রদান করা হয়।

এম পি’র পক্ষ থেকে এসব খাদ্য ও উপহার সামগ্রী তুলে দেন ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস।
খাদ্য সহায়তার মধ্যে ছিলো চাল, সয়াবিন তেল, ডাল, আলু ইত্যাদি। লকডাউনে কর্মহীন হয়ে পড়া পরিবহন শ্রমিক, দোকান শ্রমিক, ভ্যান, রিকশা ও ইজিবাইক সহ শ্রমজীবী মানুষের মাঝে এইসব উপহার সামগ্রী বিতরণ করা হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, এমপির বিশেষ সহকারী কামাল হোসেন, জেলা শ্রমিক লীগের সভাপতি আক্কাস আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে আরএফএল কোম্পানির ম্যানেজারের মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলা ৭ নং মহারাজপুর ইউনিয়নের কানুহর পুর গ্রামের আমির আলীর সেজো ছেলে তরিকুল ইসলাম।

তরিকুল ইসলাম আরএফএল কোম্পানির যশোর ডিপোর রিজওনাল ম্যানেজার ছিলেন।

গতা২৩-৪-২০২১ তারিখে তরিকুল ও তার স্ত্রী ইফতারি তৈরি করছিলেন এমন সময় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ হয় এতে করে তরিকুল তার স্ত্রী ও তার ছেলে অগ্নিদগ্ধ হয়।

প্রথমে তাদের কে যশোর সদরে নেওয়া হয় তরিকুলের অবস্থা আশঙ্কাজনক থাকায় ডাক্তার তাকে ঢাকা রেফার্ড করেন।
গতকাল বুধবার দুপুরে তিনি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন।

তার মৃত্যুতে তার অফিস পাড়ায় এবং স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

ঝিনাইদহে ইজিবাইক ও প্রাইভেটকারের মুখোমুখি সংঘর্ষ -নিহত ৩

ঝিনাইদহ-কুষ্টিয়া সড়কের দুধসর নামক স্থানে বুধবার বিকালে সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। নিহতরা হলেন, শৈলকুপার ফুলহরি গ্রামের ফজলুর রহমানের স্ত্রী তহুরা খাতুন (২৫), একই উপজেলার গোকুলনগর গ্রামের ছবুর আলীর ছেলে তুহিন (২৮) ও রেনু খাতুন। দুর্ঘটনায় ৪ জন গুরুতর আহত হন। আহতদের মধ্যে ২ জনের অবস্থা গুরুতর। তাই নিহত’র সংখ্যা আরো বাড়তে পারে বলে হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক মারুফ আক্তার জানান।

দুর্ঘটনায় ইজিবাইকটি দুমড়ে মুচড়ে রাস্তার খাদে পড়ে যায়। শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম জানান, বুধবার পৌনে বিকাল তিনটার দিকে শৈলকুপার দুধসর নামক স্থানে একটি প্রাইভেট কারের সঙ্গে ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই রেনু নামে এক মহিলা নিহত হন। এ সময় আহত হন ৬ জন। শৈলকুপা দমকল বাহিনীর সদস্যরা আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে আসলে তহুরা ও তুহিনের মৃত্যু ঘটে।